

নেপালের প্রধানমন্ত্রীর ভারত সফর (অগস্ট ২৩-২৭, ২০১৭)

মান্যবর সম্মাননীয় শের বাহাদুর দুবে, নেপালের প্রধানমন্ত্রী এবং তাঁর স্ত্রী ড. আর্জু দুবে, ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে ভারতে একটি রাষ্ট্রীয় সফর করবেন ২৩-২৭ অক্টোবর, ২০১৭।

২০১৭ সালের জুন মাসে প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেওয়ার পর এটাই তাঁর প্রথম বিদেশ সফর। একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল নেপালের প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হবে।

সফরকালে নেপালের প্রধানমন্ত্রী সাক্ষাৎ করবেন রাষ্ট্রপতিজী এবং উপ রাষ্ট্রপতির সঙ্গে এবং প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করবেন। পররাষ্ট্র মন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা সাক্ষাৎ করবেন নেপালের প্রধানমন্ত্রীর সঙ্গে। নয়াদিল্লিতে বিভিন্ন সরকারি কর্মসূচি সমাপ্ত করে নেপালের প্রধানমন্ত্রী হায়দরাবাদ, তিরুপতি এবং বুদ্ধ গয়া সফর করবেন।

সাম্প্রতিক সময়ে ভারত-নেপাল সহযোগিতামূলক অংশীদারিত্বের সম্পর্কের এক অভাবনীয় উন্নয়ন ঘটেছে। আসন্ন সফর পারস্পরিক স্বার্থজনিত বিভিন্ন বিষয় নিয়ে আরও বিস্তারিত আলোচনার সুযোগ দেবে এবং প্রাচীন কাল থেকে দু'দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও মজবুত করবে।

নয়াদিল্লি

অগস্ট ২১, ২০১৭